

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

জি'ইর্রানাহতে গণীমত বণ্টন (قسمة الغنائم في الجعرّانة)

হোনায়েন যুদ্ধের গণীমত বন্টন না করেই জি'ইর্রানাহতে জমা রেখে আল্লাহর রাসূল (ছাঃ) ত্বায়েফ গিয়েছিলেন। অতঃপর সেখান থেকে ফিরে এসে গণীমত বন্টন করেন। ইচ্ছাকৃত এই বিলম্বের কারণ ছিল হাওয়াযেন গোত্রের নেতারা ক্ষমাপ্রার্থী হয়ে আসলে তাদের বন্দীদের ও তাদের মালামাল ফেরত দেওয়া। কিন্তু দীর্ঘ সুযোগ পেয়েও হতভাগাদের কেউ আসলো না। অতঃপর ৫ই যুলকা'দাহ ফিরে এসে তিনি যুদ্ধজয়ের রীতি অনুযায়ী গণীমত বন্টন শুরু করলেন (সীরাহ ছহীহাহ ২/৫১১)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5620

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন